লেন্স এশিয়া

৪ জানুয়ারী, ২০২৬

মাদুরোকে আটক আন্তর্জাতিক আইন ভাঙার শামিল: মামদানি

সংগৃহীত ছবি

ভেনেজুয়েলার রাজধানীতে স্থানীয় সময় শনিবার (৩ জানুয়ারি) গভীর রাতে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানে দেশটির প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো আটক হওয়ার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি। তিনি এই ঘটনাকে আন্তর্জাতিক আইন ও রাষ্ট্রীয় সার্বভৌমত্বের স্পষ্ট লঙ্ঘন বলে মন্তব্য করেছেন।

নতুন বছরের শুরুতেই নিউইয়র্কের মেয়রের দায়িত্ব নেওয়া মামদানি দায়িত্ব গ্রহণের এক সপ্তাহ না পেরোতেই ভেনেজুয়েলার পরিস্থিতি নিয়ে প্রকাশ্যে অবস্থান নেন। মার্কিন গণমাধ্যম সিএনএনের প্রতিবেদনে বলা হয়, তিনি মাদুরো ও তার স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে আটকের ঘটনাকে ‘যুদ্ধসদৃশ ও নিন্দনীয় পদক্ষেপ’ হিসেবে আখ্যা দেন।

মামদানির ভাষ্য অনুযায়ী, একটি স্বাধীন দেশের রাষ্ট্রপ্রধানকে এভাবে আটক করা শুধু দেশীয় আইন নয়, বরং আন্তর্জাতিক নীতিমালারও গুরুতর লঙ্ঘন। তিনি বলেন, এমন কর্মকাণ্ড বিশ্ব রাজনীতিতে বিপজ্জনক দৃষ্টান্ত তৈরি করতে পারে।

LENS ASIA